

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮৪২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪২. বিজোড় রাক'আতের পরে দাঁড়ানোর নিয়ম

باب النُّهُوضِ فِي الْفَرْدِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ، _ يَعْنِي ابْنَ إِبْرَاهِيمَ _ عَنْ أَيُّوبَ، عَنْ أَبِي قِلَابَةَ، قَالَ جَاءَنَا أَبُو سُلَيْمَانَ مَالِكُ بْنُ الْحُوَيْرِثِ إِلَى مَسْجِدِنَا فَقَالَ وَاللهِ إِنِّي لأُصلِّي بِكُمْ وَمَا أُرِيدُ إِلَى مَسْجِدِنَا فَقَالَ وَاللهِ إِنِّي لأُصلِّي بِكُمْ وَمَا أُرِيدُ الصَّلَاةَ وَلَكِنِّي أُرِيدُ أَنْ أُرِيكُمْ كَيْفَ رَأَيْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يُصلِّي . قَالَ قُلْتُ لأَبِي قِلَابَةَ كَيْفَ صَلَّى قَالَ مِثْلَ صَلَاةٍ شَيْخِنَا هَذَا يَعْنِي عَمْرَو بْنَ سَلِمَةَ إِمَامَهُمْ وَذَكَرَ أَنَّهُ كَانَ إِذَا رَفْعَ رَأْسَهُ مِنَ السَّجْدَةِ الآخِرَةِ فِي الرَّكْعَةِ الأُولَى قَعَدَ ثُمَّ قَامَ

_ صحيح : خ

বাংলা

৮৪২। আবৃ কিলাবাহ সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আবৃ সুলায়মান মালিক ইবনুল হুওয়াইরিস (রাঃ) আমাদের মসজিদে এসে বললেন, আল্লাহর শপথ! আমি তোমাদেরকে নিয়ে সালাত আদায়ের মাধ্যমে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে পদ্ধতিতে সালাত আদায় করতেন তা তোমাদেরকে দেখাতে চাই।

বর্ণনাকারী বলেন, অতঃপর আমি আবূ কিলাবাহকে বললাম, তিনি কিভাবে সালাত আদায় করতেন? জবাবে তিনি বললেন, আমাদের শায়খ 'আমর ইবনু সালামাহ (রহঃ)-এর সালাতের অনুরূপ, যিনি তাদের ইমাম ছিলেন। বর্ণনাকারী আরো বলেন, তিনি প্রথম রাক'আতের শেষ সিজদা্ হতে মাথা উঠানোর পর একটু বসতেন, অতঃপর উঠে দাঁড়াতেন।[1]

সহীহ: বুখারী।

English



Abu Qilabah said:

Abu sulaiman malik b. al-Huwairith came to our mosque and said: By Allah, I Shall offer prayer; and I do not intend to pray, but I intend to show you how I saw the Messenger of Allah () offering prayer. He (the narrator Ayyub) said: I asked Abu Qilabah: How did he pray? He replied: Like the prayer of this head after the last prostration in the first rak'ah, he used to sit, and then stand up.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : আযান, অনুঃ যে তা'লীম দেয়ার উদ্দেশে লোকদের নিয়ে সালাত আদায় করে, হাঃ ৬৭৭, এবং অধ্যায় : আযান, অনুঃ কিভাবে যমীনের উপর ভয় করবে, হাঃ ৮২৪, এছাড়াও হাঃ ৮০২, ৮১৮), নাসায়ী (অধ্যায় : তাত্ববীক, অনুঃ সাজদার জন্য তাকবীর বলা, হাঃ ১১৫০), আহমাদ, ইবনু খুযাইমাহ (অনুঃ উঠার সময় দু' হাতের উপর ভর দিয়ে উঠা, হাঃ ৬৮৭) আবৃ কিলাবাহ হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) প্রনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবৃ কিলাবাহ্ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন